

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

নং ৩/মূসক/২০২০।—যেহেতু, ঢাকাছ নেপাল দূতাবাসের নামে বরাদ্দকৃত বারিধারা দূতাবাস এলাকায় 'জি' ব্লকের ০১ নং রাস্তার ০৫ ও ০৭ নং প্লটের লিজ দলিল রেজিস্ট্রির নিমিত্ত সরকারি বিভিন্ন প্রকার ট্যাক্স/ফি যেমন নির্ধারিত স্ট্যাম্প ফি, উৎস কর, রেজিস্ট্রেশন ফি, ভ্যাট ও সিটি কর্পোরেশন কর ইত্যাদি ভিয়েনা কনভেনশন অনুযায়ী সুবিধা ভোগ করিবে মর্মে উল্লেখ রহিয়াছে; এবং

যেহেতু, বাংলাদেশ ভিয়েনা কনভেনশন ১৯৬১ পরিপালন করিয়া পৃথিবীর অন্যান্য দেশে এই কনভেনশন অনুযায়ী সুবিধা ভোগ করিয়া থাকে। এছাড়া, ভিয়েনা কনভেনশন অনুযায়ী আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ইতোমধ্যেই রেজিস্ট্রেশন ফি মওকুফ করিয়াছে, সিটি কর্পোরেশনও ভূমি রেজিস্ট্রেশনের ক্ষেত্রে হস্তান্তর ফি মওকুফ করিয়াছে। এতদ্ব্যতীত, জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগও এইক্ষেত্রে আয়কর অব্যাহতি প্রদান করিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (অতঃপর আইন বলিয়া উল্লিখিত) এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকাছ নেপাল দূতাবাসের নামে বরাদ্দকৃত বারিধারা দূতাবাস এলাকায় 'জি' ব্লকের ০১ নং রাস্তার ০৫ ও ০৭ নং প্লটের লিজ দলিল রেজিস্ট্রির উপর হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৮২৯)

মূল্য : টাকা ৪০০